

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৯১.২০১৯/৬০২৬/৪

তারিখ: ২৮/১১/২০১৯ খ্রিস্টাব্দ
২৮/০৭/১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৪৯৮/২০১৮ এর আদেশ মোতাবেক জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: অধ্যক্ষ এর পত্র নং-২২৭৩/২০১৯-২০; তারিখ: ০৬/০৭/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি পার্বত্য জেলার কাপ্তাই উপজেলাধীন কর্ণফুলী কলেজের (জাতীয়করণকৃত) সরকারিকরণের আদেশ হওয়ায় গভর্নিং বডি বিলুপ্ত হওয়ায় উক্ত কলেজের সাময়িক বরখাস্তকৃত জনাব সাদিয়া রহমান, ইনডেক্স- ৪২৭৭৩৩, প্রভাষক, উদ্ভিদবিজ্ঞান বিষয়ে কার্যকর সিদ্ধান্ত গ্রহণ করার নিমিত্তে উক্ত কলেজের অধ্যক্ষ নির্দেশনা কামনা করে আবেদন করেন। জনাব সাদিয়া রহমান, ইনডেক্স- ৪২৭৭৩৩, প্রভাষক, উদ্ভিদবিজ্ঞান কলেজটিতে ৩০/০৫/১৯৯৮ খ্রি. তারিখ যোগদান করেন। পরবর্তীতে দীর্ঘদিন কলেজে অননুমোদিত অনুপস্থিত থাকায় ২৮/০৭/২০১২ খ্রি. তারিখের গভর্নিং বডির সভায় তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। দীর্ঘদিন যাবৎ কলেজে তার কোন যোগাযোগ ছিলনা। কলেজ জাতীয়করণের লক্ষে ২১ ও ২২ আগস্ট/২০১৬ তারিখ পরিদর্শনের সময়ে তিনি অনুপস্থিত ছিলেন।

জনাব সাদিয়া রহমান, প্রভাষক, উদ্ভিদ বিদ্যা তাঁর নাম আত্মীকরণের তালিকায় প্রদান করেন নাই এবং সাময়িক বরখাস্তকালীন প্রাপ্য খোরপোশ ভাতা থেকে কেনো তাকে বঞ্চিত করেছেন তা তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করার জন্য জনাব সাদিয়া রহমান আবেদন করেন। আবেদনের সাথে রিট মামলা- ২৪৯৮/২০১৮ এর কপি প্রেরণ করেন।

আইন শাখার মতামত: রিট পিটিশন নং- ২৪৯৮/২০১৮ এ মহামান্য আদালত বিগত ০৪/০৪/২০১৯ খ্রি. তারিখে খোরপোশ ভাতা প্রদানের বিষয়ে ভিন্নভাবে আদেশ প্রদান করেন। মহামান্য আদালত বিবাদী নং- ০১ অর্থাৎ জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নির্দেশনাকে ৬ নং বিবাদী অর্থাৎ অধ্যক্ষকে বাস্তবায়ন করার নির্দেশ দেন। আদালতের নির্দেশ অনুসারে জাতীয় বিশ্ববিদ্যালয় অধ্যক্ষকে যে আদেশ দিয়েছেন তা বাস্তবায়ন করা প্রয়োজন।

এমতাবস্থায়, আইন শাখার মতামত অনুযায়ী আদালতের নির্দেশ অনুসারে জাতীয় বিশ্ববিদ্যালয় অধ্যক্ষকে যে আদেশ দিয়েছেন তা বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

14.11.19
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন: ৯৫৫৬০৫৭
Email: ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
কর্ণফুলী কলেজ
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা (জাতীয়করণকৃত)

অনুলিপি:

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ২। জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৩। জনাব সাদিয়া রহমান, প্রভাষক, উদ্ভিদ বিদ্যা, কর্ণফুলী কলেজ, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা
- ৪। সংরক্ষণ নথি।